স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫১ তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৪

'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধিকরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময়সীমা যথাক্রমে ১৬ নভেম্বর ২০২৩ এবং ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো এবং সেসাথে 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২-এ যেসকল আবেদনকারী ঐসময় আবেদন করতে পারেননি তারা নির্ধারিত প্রোফর্মায় আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্বর্ণিত শর্তে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ রেজিস্ট্রেশনপূর্বক (https://www.mygov.bd/services/form?id=BDGS-1637554194) লিংকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

- (১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;
- (২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২**-এর জন্য ২০২২ সালে এবং **'ইউজিসি স্বর্ণপদক' ২০২৩**-এর জন্য ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশিয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;
- (৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনর্মুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;
- (8) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;
- (৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
- (৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঞ্জিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
- (৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে সকল Co-author-এর সম্মতিপত্রসহ Corresponding Author/First Author/Last Author আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকগণের যৌথভাবে আবেদন করতে হবে;

- (৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোনো শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (৯) আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে 'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'-এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাতে হবে;
- (১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবাবক্সে 'ইউজিসি স্বর্ণপদক'-এ দেওয়া আছে;
- (১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে কমিশন কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য, 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

> **ড. ফেরদৌস জামান** পরিচালক রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ